# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪৬

১/ বিবিধ

আরবী

لا يعاد المريض إلا بعد ثلاث

موضوع

رواه الطبراني في " الأوسط " (1 / 200 / 1 / 3647 - بترقيمي) عن نصر بن حماد أبي الحارث الوراق عن روح بن جناح عن الزهري عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا، وقال الطبراني: تفرد به أبو الحارث الوراق

قلت: وهذا سند لا يساوي شيئا، أبو الحارث هذا قال ابن معين: كذاب، وقال البخاري: يتكلمون فيه

وروح متهم ويأتي له حديث آخر قريبا

والحديث أورده ابن الجوزي في " الموضوعات " من رواية ابن عدي بسنده عن نصر به إلا أنه قال: روح بن غطيف، بدل روح بن جناح، ثم قال ابن الجوزي ما ملخصه

لا يصح، روح متروك وكذا نصر

وقد تعقب ابن الجوزي السيوطي في " اللآليء " (2 / 403) فقال: قلت له شاهد، ثم ساق الحديث الذي قبله فلم يصنع شيئا لأنه حديث موضوع كما تقدم

ثم ذكر له شاهدا آخر من طريق نوح بن أبي مريم حدثنا أبان عن أنس مرفوعا

ونوح هذا متهم بالكذب وقد مضى، وكذا أبان وهو ابن أبي عياش

বাংলা

১৪৬। রোগীর সেবা করতে হবে (দেখতে যেতে হবে) তিন দিন পর।

হাদীসটি জাল।

এটি তাবারনী “মু’জামুল আওসাত” গ্রন্থে (১/২০০/১/৩৬৪৭) নাসর ইবনু হাম্মাদ (আবুল হারিস আল-ওররাক) হতে বর্ণনা করেছেন, তিনি রাওহ ইবনু জানাহ হতে ... বর্ণনা করেছেন। তাবারানী বলেনঃ আবুল হারিস এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

এ আবুল হারিস আল-ওররাক সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ كذاب তিনি মিথ্যুক।

ইমাম বুখারী বলেনঃ মুহাদ্দিসগণ তার সমালোচনা করেছেন।

আর রাওহ হচ্ছেন মিথ্যার দোষে দোষী।

ইবনুল জাওযী হাদীসটি তার “আল-মাওযূ’আত” গ্রন্থে (৩/২০৫) উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়, রাওহ এবং নাসর দু’জনই মাতরূক।

সুয়ূতী তার সমালোচনা করে “আল-লাআলী” গ্রন্থে (২/৪০৩) হাদীসটির শাহেদ উল্লেখ করেছেন। এর সূত্রে নূহ ইবনু আবী মারইয়াম এবং আবান রয়েছেন। নূহ মিথ্যার দোষে দোষী আর আবানও নূহের মতই। তিনি হচ্ছেন ইবনু আবী আইয়াশ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন